সংবাদ

তারিখ 24 JUN 1985
পৃষ্ঠা 1 কলাম 2

CL 038

# বৃহস্পতিবার এইচ এস সি পরীক্ষা শুরু

আগামী বৃহস্পতিবার দেশের চারটি বোর্ডের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষা শুরু হচ্ছে। ঢাকা, কুমিল্লা, যশোর ও রাজশাহী বোর্ডের অধীনে মোট ১ লাখ ৮৬ হাজার ৯৫৬ জন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে। এর মধ্যে ঢাকা বোর্ড থেকেই সর্বাধিক প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে।

এক সরকারী সূত্রের বরাত দিয়ে বলা হয় যে, ঢাকা বোর্ড থেকে ৫৬ হাজার ৪৭৬ জন, যশোর বোর্ড থেকে ৪৬ হাজার ৩৭৯ জন, কুমিল্লা বোর্ড থেকে ৪৩ হাজার ৩৩৭ জন এবং রাজশাহী বোর্ড থেকে ৪০ হাজার ৭৬৪ জন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

চারটি বোর্ডের পরীক্ষার জন্য বিদেশে ৫টিসহ মোট ৪৮৭টি কেন্দ্র রয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডের অধীনে বিদেশে ৫টিসহ ১৩৭টি কেন্দ্র রয়েছে। পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যাপারে সব রকম প্রস্তুতি শেষ হয়েছে। ঢাকা মহানগরীতে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হচ্ছে ২৩টি। খবর এনার।